# বেসিক ব্যাংক পিএলসি.
সমৃদ্ধির পথে মানুষের সাথে
শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

**নাটোর শাখা, নাটোর**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ (৩) ধারা মতে**

# নিলাম বিজ্ঞপ্তি

এত দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **মেসার্স নিহাল মৎস্য খামার এর পক্ষে তাঁর মালিক জনাবা মোছাঃ নাজমা বেগম,** স্বামীঃ মোঃ মশিউর রহমান, পিতাঃ মো: আলী হোসেন, মাতাঃ মোছাঃ মুঞ্জুয়ারা বেগম, স্থায়ী ঠিকানা: লোটাবাড়িয়া মধ্যপাড়া, পোষ্ট: পীরগঞ্জ, থানাঃ নাটোর সদর, জেলাঃ নাটোর। ব্যবসায়িক ঠিকানাঃ লোটাবাড়িয়া, পোষ্ট: পীরগঞ্জ, থানাঃ নাটোর সদর, জেলাঃ নাটোর-**বেসিক ব্যাংক পিএলসি, নাটোর শাখা** হতে ২০.০০ লক্ষ টাকার স্বল্প মেয়াদী ঋণ গ্রহণ করেন। উক্ত ঋণের বিপরীতে জনাব **ক) মো: আলী হোসেন,** পিতা-বাহার উদ্দীন, মাতা-মোছা: সাহেরা (ঋণ গ্রহিতার বাবা); **খ) মো: দেছের আলী,** পিতা-কাছিম উদ্দীন, মাতা-গুলজান (ঋণ গ্রহিতার চাচা); **গ) মো: তছলিম উদ্দিন,** পিতা-কাছিম উদ্দীন, মাতা-গুলজান (ঋণ গ্রহিতার চাচা) তাদের  মালিকানাধীন নিম্নলিখিত তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন। বারংবার তাগাদা দেয়া সত্ত্বেও ব্যাংক ঋণগ্রহীতা/বন্ধকদাতার নিকট হতে ব্যাংকের পাওনা আদায় করতে পারে নাই। বর্তমানে ০৯.০৭.২০২৬ ইং তারিখ পর্যন্ত হিসাব মতে তার নিকট ব্যাংকের সুদ ও অন্যান্য **খরচসহ ২৩,৭৯,৬০০.০০ (তেইশ লক্ষ উনাশি হাজার ছয়শত টাকা মাত্র) টাকা** এবং আদায়কালতক অনারোপিত সুদ এবং অন্যান্য খরচ পাওনা হয়েছে। ঋণ নেয়ার সময় ঋণ গ্রহীতা/ বন্ধকদাতা বন্ধকীকৃত সম্পত্তি বিক্রি করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেছেন। তার প্রদত্ত ক্ষমতা বলে এবং উপরোল্লিখিত আইনের বিধান মতে নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রি করার জন্য সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী ক্রেতাগণকে **আগামী ০৪/০৮/২০২৬ ইং তারিখ** বেলা ২.৩০ ঘটিকার মধ্যে ব্যাংকের নাটোর শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা করতে অথবা খামের উপর 'সম্পত্তি ক্রয় দরপত্র' লিখে রেজিষ্ট্রার্ড ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করতে হবে। ঐ দিন বেলা ২.৩০ ঘটিকার সময় দরপত্রদাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য বেসিক ব্যাংকের অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরুপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচি অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবে:

| দরপত্রের উদ্ধৃত মূল্য | জামানত | বাকী টাকা পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/- | ২০% | দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন |
| টাকা ১০,০০,০০১/- হতে অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/- | ১৫% | দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিন |
| টাকা ৫০,০০,০০০/- এর অধিক | ১০% | দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিন |

দরপত্র গৃহীত হবার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংক এর অনুকুলে বাজেয়াপ্ত করা হবে। প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন। সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লেখিত মূল্য অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারন দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/ সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

**সম্পত্তির তফসিল (১):** জেলা- নাটোর, উপজেলাা-নাটোর, এস আর অফিস নাটোর এর অধীন মৌজা-লোটাবাড়ীয়া, জে.এল. নং-সাবেক-৮২, হাল-৯৬, মালিক: মো: আলী হোসেন (ঋণ গ্রহিতার বাবা)।

| খতিয়ান | | | দাগ নং | | জমির পরিমান |
|---|---|---|---|---|---|
| এস এ | আর এস | প্রস্তাবিত | এস এ | আর এস | |
| ২০৭ | ১৪১ | - | ৪১৩২ | ৩৬০ | ১৭.০০ শতাংশ জমি |
| ১২৬ | ১৪০/১ | - | ৪১৭ | ৩৫৮ | ৬.০০ শতাংশ জমি |

**সম্পত্তির তফসিল (২):** জেলা- নাটোর, উপজেলাা-নাটোর, এস আর অফিস নাটোর এর অধীন মৌজা-লোটাবাড়ীয়া, জে.এল. নং-সাবেক-৮২, হাল-৯৬, মালিক: মো: দেছের আলী (ঋণ গ্রহিতার চাচা)।

| খতিয়ান | | | দাগ নং | | জমির পরিমান |
|---|---|---|---|---|---|
| এস এ | আর এস | প্রস্তাবিত | এস এ | আর এস | |
| ৮০ | ৭৬ | ৮৩৫ | ৪৪২ | ৬৭১ | ৪.৫০ শতাংশ জমি |

**সম্পত্তির তফসিল (৩):** জেলা- নাটোর, উপজেলাা-নাটোর, এস আর অফিস নাটোর এর অধীন মৌজা-লোটাবাড়ীয়া, জে.এল. নং-সাবেক-৮২, হাল-৯৬, মালিক: মো: তছলিম উদ্দিন (ঋণ গ্রহিতার চাচা)।

| খতিয়ান | | | দাগ নং | | জমির পরিমান |
|---|---|---|---|---|---|
| এস এ | আর এস | প্রস্তাবিত | এস এ | আর এস | |
| ৮০ | ৭৬ | ৮৩৭ | ৪৪২ | ৬৭১ | ৪.৫০ শতাংশ জমি |

**পক্ষে - শাখা ব্যবস্থাপক, নাটোর শাখা**
**মোবাইল নম্বর-০১৭১৩২৫৭৪২১**

প্রকাশ তারিখঃ ১০/০৭/২০২৬
নয়া দিগন্ত
প্রান্তজন